অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চরম বিপদের মুখে মিডলটাউনের পুলিশ অফিসারের অসাধারণ বীরত্বের স্বীকৃতি প্রদান করলেন

অফিসার ইভান ব্যারোন নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার মেডেল অফ ভ্যালর পেলেন, তিনি তার এজেন্সি থেকে এই পুরস্কার পাওয়া প্রথম অফিসার

লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো আজকে সকালে মিডলটাউনের একটি অনুষ্ঠানে গভর্নর হোকলের পক্ষে এই পুরস্কার প্রদান করেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে মিডলটাউন পুলিশ বিভাগের (Middletown Police Department) অফিসার ইভান ব্যারোন নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার মেডেল অফ ভ্যালর (New York State Police Officer Medal of Valor) পেয়েছেন তার সম্প্রদায়ের সেবায় অসাধারণ সাহস প্রদর্শন করার কারণে। অফিসার ব্যারোন তার নিয়মিত টহলে ছিলেন যখন একজন নারী তাকে ডাক দেয়, যার প্রাক্তন প্রেমিক তার বাসা ছেড়ে যেতে অস্বীকৃতি জানাচ্ছিলো। সাহায্য করতে থামার কিছু সেকেন্ডের মধ্যে, অফিসার ব্যারোনকে গুলি করা হয় এবং মারাত্মক জখম হওয়া সত্ত্বেও তিনি পাল্টা গুলি চালান, তার আক্রমণকারীকে গুলি করলে সক্ষম হন, এবং সেই নারী, একাধিক শিশু এবং অপ্ররোচিত এই আক্রমণের সাক্ষী আরো প্রাপ্তবয়স্কদের রক্ষা করেন। তিনি মিডলটাউন পুলিশ বিভাগ থেকে এই পুরস্কারের স্বীকৃতি প্রাপ্ত প্রথম অফিসার, যা গভর্নরের পুলিশ অফিসার অফ দ্য ইয়ার পুরস্কার (Governor's Police Officer of the Year Award) নামেও পরিচিত।

"মারাত্মক আহত হওয়া সত্ত্বেও, অফিসার ব্যারোন নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য নিজেকে বিপদগ্রস্ত করে অসাধারণ বীরত্ব প্রদর্শন করেছেন," **গভর্নর হোকল বলেন।** "তার দ্রুত চিন্তা এবং দ্রুত পদক্ষেপ অন্য সকলের বন্দুকধারীর দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া প্রতিহত করেছে। আমরা তাকে তার সাহস ও সেবার জন্য সম্মানিত করছি, এবং এছাড়া আমরা স্টেটব্যাপী সম্প্রদায়সমূহে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য নিরলসভাবে কাজ করে যাওয়া হাজার হাজার পুলিশ অফিসারের প্রশংসা করছি।"

"মিডলটাউন পুলিশ অফিসার ইভান ব্যারোন উদাহরণস্বরূপ যে পুলিশ অফিসার কেমন হওয়া উচিত, সেজন্য তাকে নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার মেডেল অফ ভ্যালর প্রদান করা হচ্ছে," **বলেন লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।**"চরম বিপদের মুখ্য অসাধারণ সাহস

এবং অবিচলিত বীরত্ব প্রদর্শন করার জন্য, অফিসার ব্যারোনের এই পুরস্কার সুপ্রাপ্য, এবং আমি তাকে এবং মিডলটাউন পুলিশ বিভাগে তার সহকর্মীদেরকে এই সম্প্রদায়ের প্রতি তাদের সেবাদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো আজকে সকালে গভর্নর হোকলের পক্ষে অফিসার ব্যারোনকে এই পুরস্কার প্রদান করেন মিডলটাউনের প্যারামাউন্ট থিয়েটারে (Paramount Theatre) একটি অনুষ্ঠানে। অফিসকে যেই ঘটনার জন্য সম্মান জানানো হচ্ছে তা ঘটে 29 আগস্ট, 2020 তারিখে, এবং গতমাসে, একজন বিচারক আক্রমণের জন্য দায়ী ব্যক্তিকে 58½ বছর বা আজীবন কারাবাসের শাস্তি প্রদান করেছে। অফিসার ব্যারোনকে 2020 পুরস্কারের জন্য মনোনীত করে, মিডলটাউন পুলিশ বিভাগ ঘটনার নিম্নলিখিত বর্ণনা প্রদান করে:

অফিসার ব্যারোন বিভাগের এলাকার উন্নয়ন ইউনিটের (Neighborhood Enhancement Unit) অংশ হিসেবে তার নিয়মিত টহলে ছিলেন যখন একজন নারী তার বাসার বাইরে থেকে তাকে ডাক দেয়। তিনি থামেন, তার চিহ্নিত টহল যান থেকে বের হয়ে তার সাথে কথা বলেন। সেই নারী, অফিসার ব্যারোনকে জানায় যে তার প্রাক্তন প্রেমিক তার বাসার ভেতরে রয়েছে, বন্দুকসহ, এবং যেতে অস্বীকৃতি জানাচ্ছে। যখন সেই নারী অফিসার ব্যারোনের সাথে কথা বলছিলো, তখন তার প্রাক্তন প্রেমিক বাসার সামনের দরজা দিয়ে ছুটে পোর্চে বের হয়ে আসে, এবং একটি 9mm হাতবন্দুক থেকে গুলি করে। একটি বুলেট অফিসারের বাম বাহুতে লাগে এবং তার বডি আর্মারে আটকে যায়।

মারাত্মক আহত হওয়া সত্ত্বেও, অফিসার ব্যারোন পাল্টা গুলি চালান এবং আক্রমণকারীর গায়ে একাধিক গুলি লাগে। তিনি এরপর বন্দুকধারী ব্যক্তিকে কাস্টাডিতে নেন, ফলে যেই নারীর সাথে তিনি কথা বলছিলেন, কাছের একাধিক শিশু এবং প্রাপ্তবয়স্কদের রক্ষা করেন। এরপর অফিসার ব্যারোন রেডিওতে সাহায্য চান, নিজের আহত স্থানের রক্ত বন্ধ করার জন্য একটি টার্নিকেট বাঁধেন এবং মেডিকেল সহায়তার জন্য অপেক্ষা করেন।

অফিসার ব্যারোন, যার বয়স 28, সম্প্রতি মিডলটাউন পুলিশ বিভাগে নিজের চাকরির পঞ্চম বছর পূর্ণ করেছেন। তার পরিবারের সদস্যরা এবং পুলিশের সহকর্মীরা অনুষ্ঠানে তার সাথে, এবং স্থানীয় ও স্টেটের নির্বাচিত কর্মকর্তা ও অঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষাকারী পেশাদারদের সাথে যোগ দেয়।

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিস ডিভিশনের (New York State Division of Criminal Justice Services, DCJS) কমিশনার রোসানা রোসাডো বলেন, "আমি গভর্নর হোকলের পক্ষে এই পুরস্কার প্রদানের জন্য লেফটেন্যান্ট গভর্নরের সাথে যোগ দিতে পেরে সম্মানিত বোধ করছি। অফিসার ব্যারোনের নিঃস্বার্থ আচরণ আমাদেরকে মনে করিয়ে দেয় যে আমাদের অফিসারেরা প্রতিবার তাদের ইউনিফর্ম পরার সময় নিজেদের জীবনের ঝুঁকি গ্রহণ করে এবং তারা আমাদের জন্য সেই আত্মত্যাগ করতে প্রস্তুত থাকে। আমরা তাকে এবং তার সহকর্মীদের ধন্যবাদ জানাচ্ছি মিডলটাউন ও নিউ ইয়র্কের জন্য তাদের সকল অবদানের জন্য।"

DCJS পুরস্কার নির্বাচন কমিটির কাজ সমন্বয় করে, যার সদস্যরা আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহ এবং পুলিশ ইউনিয়নের নেতৃত্বের প্রতিনিধিত্ব করে। কমিটি আটটি পুলিশ বিভাগ এবং দুইটি শেরিফের অফিস থেকে 30 জন অফিসারের মনোনয়ন বিবেচনা করে অফিসার ব্যারোনকে এই স্বীকৃতির জন্য নির্বাচিত করে। 1984 সালে এর সূচনার পর থেকে, 21টি ভিন্ন ভিন্ন এজেন্সির 122 জন অফিসারকে এই পুরস্কার প্রদান করা হয়েছে, এর সূচনার পর থেকে।

স্টেট সিনেটর জেমস স্কোফিস বলেন, "আমি অফিসার ব্যারোনকে এই সুপ্রাপ্য স্বীকৃতির জন্য অভিনন্দন জানাতে চাই, এবং তাকে মিডলটাউন সম্প্রদায়ের সেবায় তার অতুলনীয় বীরত্বের জন্য আমার আন্তরিক ধন্যবাদ জানাতে চাই। এই তরুণ ব্যক্তি একজন উদাহরণ সৃষ্টি করার মতো অফিসার। নিজে একটি বুলেট দ্বারা আহত হওয়ার পরেও সুরক্ষা ও সেবাদানে তার প্রচেষ্টা তার আসন্ন দীর্ঘ ক্যারিয়ারজুড়ে উদযাপন করা উচিত। মিডলটাউন সিটি পুলিশ এবং এর অফিসারদের জন্য তাদের জননিরাপত্তা জোরদার করার কাজে আমার অবিচল সমর্থন রয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন এম. গান্থার বলেন, "আমি অফিসার ব্যারোনকে অভিনন্দন জানাতে চাই 2020 নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার অফ দ্য ইয়ার খেতাব পাওয়ার জন্য। তার নিঃস্বার্থ ও সাহসী কাজ বহু বেসামরিক মানুষের এবং দর্শকদের জীবন রক্ষা করেছে। তিনি মিডলটাউন সিটিতে যাদের সুরক্ষা দানের প্রতিজ্ঞা করেছেন তাদের প্রতি সত্যিকারের সৎ ও নিঃস্বার্থ সেবা প্রদর্শন করেছেন। আমি এই সম্মানের জন্য তার থেকে বেশি যোগ্য কারো কথা ভাবতে পারছি না এবং আমি অত্যন্ত গর্বিত অফিসার ব্যারোন, এবং আমার পুরো জেলার সকল সাহসী আইন শৃঙ্খলা রক্ষাকারী অফিসারের প্রতিনিধিত্ব করতে পেরে। অভিনন্দন।"

মিডলটাউনের মেয়র জোসেফ এম. ডেস্টেফানো বলেন, "মিডলটাউন দারুণ এক দল নিউ ইয়র্কবাসীর বাড়ি এবং ইভান ব্যারোন সেরাদের মধ্যে সেরার প্রতিনিধিত্ব করে। আমরা আমাদের র‍্যাঙ্কে তাকে পেয়ে গর্বিত, শুধু আইনের একজন অফিসার হিসেবেই নয়, বরং আমাদের সম্প্রদায়ের একজন সদস্য হিসেবেও। আমি অফিসার ব্যারোন এবং তার পরিবারকে ধন্যবাদ জানাতে চাই, আমাদেরকে নিরাপদ রাখতে তাদের আত্মত্যাগের জন্য, এবং একইসাথে গভর্নর হোকল এবং লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডোকে ধন্যবাদ জানাতে চাই অফিসার ব্যারোনের সাহসিকতাকে স্বীকৃতি প্রদানের জন্য।"

মিডলটাউন পুলিশ প্রধান জন এওয়ানসিউ বলেন, "অফিসার ব্যারোন মারাত্মকভাবে আহত হওয়ার পর, মিডলটাউন পুলিশ বিভাগ আমাদের সম্প্রদায় এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের থেকে অভিভূত হওয়ার মতো সমর্থন লাভ করেছে। চরম বিপদের মুখে অফিসার ব্যারোনের বীরত্ব এবং সাহসিকতা সেই অদম্য মাত্রার সাহস ও প্রতিশ্রুতির একটি প্রমাণ যা পুলিশ অফিসারেরা নিজেদের সম্প্রদায়ে সেবাদানের সময় প্রদর্শন করে। আমি চিরতরে কৃতজ্ঞ থাকবো যে অফিসার ব্যারোন তার প্রশিক্ষণ ও অভিজ্ঞতা ব্যবহারে করে নিজের ও নিরীহ দর্শকদের প্রতি একটি প্রাণঘাতী হুমকি দ্রুত নিষ্পত্তি করতে পেরেছে। আমরা সর্বদা তার আত্মত্যাগ ও আমাদের শহরের বাসিন্দাদের প্রতি তার নিবেদন মনে রাখবো।"

2020 পুলিশ অফিসার অফ দ্য ইয়ারের জন্য মনোনীত কিন্তু নির্বাচিত না হওয়া 29 জন অফিসারের সকলেই গভর্নর হোকলের কাছ থেকে অসাধারণ বীরত্বের সনদ (Certificates of Exceptional Valor) লাভ করবে। DCJS এখন 2021 পুরস্কারের জন্য মনোনয়ন গ্রহণ করছে। পুলিশ বিভাগ এবং শেরিফের অফিসগুলিকে অবশ্যই 30 ডিসেম্বর, 2022, শুক্রবারের মধ্যে এজেন্সির কাছে তাদের মনোনয়ন জমা দিতে হবে।

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন একটি বহু কর্তব্যসম্পন্ন অপরাধ ন্যায়বিচার সমর্থন এজেন্সি এবং এর অনেক ধরনের দায়িত্ব রয়েছে, যেমন,আইন প্রয়োগকারী প্রশিক্ষণ; স্টেটব্যাপী অপরাধ ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধ ইতিহাস তথ্য এবং আঙুলের চাপের ফাইল রক্ষণাবেক্ষণ; নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে মিলে স্টেটের DNA ডেটাব্যাঙ্কের প্রশাসনিক তত্ত্বাবধান; প্রোবেশন এবং সম্প্রদায়ের সংশোধন কর্মসূচিসমূহের তত্ত্বাবধানের অর্থায়ন; ফেডারেল ও স্টেটের অপরাধ ন্যায়বিচার তহবিল পরিচালনা; স্টেটব্যাপী অপরাধ ন্যায়বিচার সম্পর্কিত এজেন্সির সমর্থন; স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি পরিচালনা করা। ট্যুইটারএবং ফেসবুক-এ সংস্থাটিকে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418